

## সুকুমার রুইদাস (ডি.ও. গাড়ি লোডার) পাণ্ডেশ্বর সাইডিং

প্রশ্ন : আপনার নামটা বলুন ?

উত্তর : সুকুমার রুইদাস।

প্রশ্ন : আপনি এখানে কতদিন কাজ করছেন ?

উত্তর : খোঁটাডি ও সি পি যতদিন চালু হয়েছে। দশ বছর কাজ করছি।

প্রশ্ন : এখানে আপনাকে কি কাজ করতে হয়।

উত্তর : আমাকে ডি.ও. (ডেলিভারি অর্ডার) গাড়ি লোড করতে হয়।

প্রশ্ন : আপনাকে কে টাকা দেয় ? কত টাকা দিনে পান ?

উত্তর : সর্দার টাকা দেয়। আমরা দঙ্গল (দল) মিলে লোড করি। লোডের জন্য ১১৫ টাকা, বাছাইয়ের জন্য ১০০ টাকা আর বকশিস ২০ টাকা। মোট ২৩৫ টাকা গাড়ি প্রতি পাই। সেটা আমরা দলে সবাই ভাগ করে নিই। দলে ৮-১০ জন কাজ করি। ৩-৪ গাড়ির লোড পাই।

প্রশ্ন : এত ধুলো কালি এখানে উড়ছে, এতে আপনাদের কি কষ্ট হয় ?

উত্তর : নিঃশ্বাসের কষ্ট হয়। আরও অসুবিধা হয় ধুলোর মধ্যে কাজ করতে।

প্রশ্ন : কোম্পানি জল দেয় ধুলোতে ?

উত্তর : হ্যাঁ, তা দেয়। সকালে আর বিকালে। আর কোন দিন বাদও যায়। সরকারি ব্যাপার তো, এই হয়।

প্রশ্ন : আপনার বাড়ি কোথায় ?

উত্তর : এই সামনে। পাণ্ডেশ্বর জামাই পাড়া। আমরা সব স্থানীয়। ঐ যে জলের ট্যাঙ্ক দেখা যাচ্ছে ঐখানে।

প্রশ্ন : ধুলো কালির জন্য বা এমনি অসুখ হলে খরচা কে দেয় ?

উত্তর : সব আমাদের নিজেদের করতে হয়।

প্রশ্ন : আপনাদের গ্রামে পূজো-পার্বন কেমন হয় ? একটু গ্রামের কথা বলুন। আগে শুনলাম বিলপাহাড়ীতে কীর্তন হয়।

উত্তর : আমাদের গ্রামেও বৈশাখ মাসে কীর্তন হয়। এক মাস ধরে চলে। শেষ দিনে বুলন হয় আর সারা গ্রাম এক সাথে খাওয়া দাওয়া করে।

প্রশ্ন : এই উৎসবে জাতপাত বা সম্প্রদায়ের কোন ব্যাপার আছে ?

উত্তর : না। হিন্দু-মুসলমান, সব জাত মিলে উৎসব হয়। জাতপাতের কোন ব্যাপার নেই। খুব শান্তিতে সব হয়।

প্রশ্ন : আচ্ছা, ঐ যে দূরে চিমনি থেকে ধোঁয়া উঠছে, ওটা কি ?

উত্তর : কোলিয়ারির চানক।

প্রশ্ন : কাজের পরে যে বাড়ি চলে যান, তখন কি করেন। ঘরের ব্যাপারটা একটু বলুন।

উত্তর : একটু বিশ্রাম করে বন্ধু-বান্ধবদের সঙ্গে আড্ডা মারি।

প্রশ্ন : টি ভি দেখেন বা কাগজ পড়েন কিম্বা রেডিও শোনেন ?

উত্তর : টি ভি খুব কম দেখি। কাগজ পড়তে পারি না। টিভিতে খবর শুনি, কখন সিনেমা দেখি।

প্রশ্ন : এখানে কয়লা তো একদিন শেষ হয়ে যাবে। গ্রামে কি আপনার চাষবাস আছে। কয়লার কাজ শেষ হয়ে গেলে কি করবেন ?

উত্তর : চাষবাস এখন প্রায় নেই। কোলিয়ারি হয়ে যাচ্ছে।

প্রশ্ন : যাদের জমি চলে যাচ্ছে তারা কি ক্ষতিপূরণ পাচ্ছে ? চাকরি কি পাচ্ছে ?

উত্তর : জমির দাম দিচ্ছে সরকারি রেটে। চাকরিও পাচ্ছে কিন্তু খুবই কম। জমির বাজার দাম দিচ্ছে না।

প্রশ্ন : এখানে ব্লাস্টিং এর প্রভাব পড়ে ? বাড়ি ঘর কাঁপে বা ক্ষতিগ্রস্ত হয় ?

(লোডিং এর গাড়ি ও সর্দার এসে যাওয়ার জন্য ওদের তাড়াছড়ো ও চৌচামিচিতে উত্তর ঠিকমত পাওয়া গেল না এবং সাক্ষাৎকার শেষ করে দিতে হল)।